**তফসিল-১**

[ধারা ২(৮) ও ৬(১)]

| ক্রমিক নং | জোনের নাম | জোন কোড | জোনের বর্ণনা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | কৃষি অঞ্চল (Agricultural Zone) | AZ | এক ফসলি, দুই ফসলি, তিন ফসলি, চার বা ততোধিক ফসলি, উদ্যান ফসলি, মাঠ ফসলি, গো-চারণভূমি ও বাথান। |
| ২। | বিশেষ কৃষি অঞ্চল (Specialized Agricultural Zone) | SAZ | সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তিকৃত বিশেষ ফসলের জন্য চিহ্নিত অঞ্চল, অথবা দুই বা ততোধিক ফসলি অঞ্চল। |
| ৩। | কৃষি-মৎস্য চাষ অঞ্চল (Agro-Fisheries Zone) | AFZ | ফসল ও মাছের মিশ্র চাষ। |
| ৪। | নদী ও খাল অঞ্চল (River & Khal Zone) | RCZ | নদী, খাল, ফোরশোর, বালুমহাল ও চরাঞ্চল। |
| ৫। | জলাশয়, জলাধার ও জলাভূমি অঞ্চল (Waterbody Zone) | WZ | হাওর, বিল, পুকুর, জলাভূমি, জলমহাল, চিংড়িমহাল ও জলাধার। |
| ৬। | পরিবহণ ও যোগাযোগ অঞ্চল (Transport and Communication Zone) | TCZ | সড়ক, সেতু, রেল, বিমানবন্দর, স্থলবন্দর, ফেরিঘাট এবং বাস টার্মিনালসহ সকল পরিবহণ ও যোগাযোগ অবকাঠামো। |
| ৭। | শহুরে আবাসিক অঞ্চল (Urban Residential Zone) | URZ | বর্তমান শহর, শহরতলি ও পরিকল্পিত আবাসিক এলাকা। |
| ৮। | গ্রামীণ বসতি অঞ্চল (Rural Settlement Zone) | RSZ | কৃষিভূমির মধ্যে ছড়াইয়া থাকা গ্রামীণ বসতি এলাকা। |
| ৯। | মিশ্র ব্যবহার অঞ্চল (Mixed-used Zone) | MZ | মিশ্র এলাকা (বাণিজ্যিক-আবাসিক)। |
| ১০। | বাণিজ্যিক অঞ্চল (Commercial Zone) | CZ | হাট-বাজার, বাণিজ্যিক কর্মকাণ্ড ও অফিস। |
| ১১। | শিল্প অঞ্চল (Industrial Zone) | IZ | শিল্প এলাকা ও ইকোনোমিক জোন। |
| ১২। | প্রাতিষ্ঠানিক ও নাগরিক সুবিধা অঞ্চল (Institutional & Public Facilities Zone) | IPFZ | শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয়, হাসপাতাল, সরকারি ভবন, ক্যান্টনমেন্ট, থানা, উপজেলা কমপ্লেক্স, বিনোদন কেন্দ্র, ঈদগাহ, কবরস্থান ও শ্মশান। |
| ১৩। | বন ও রক্ষিত এলাকা অঞ্চল (Forest & Protected Area Zone) | FPAZ | সংরক্ষিত বন, রক্ষিত বন, অর্জিত বন, অর্পিত বন, অশ্রেণিভুক্ত বনাঞ্চল ও রক্ষিত এলাকা। |
| ১৪। | প্রতিবেশগতভাবে সংকটাপন্ন এলাকা/ প্রতিবেশগতভাবে সংবেদনশীল এলাকা (Ecologically Critical Area/ Ecologically Sensitive Area) | ECA/ESA | জীববৈচিত্র্য সমৃদ্ধ বা পরিবেশগত বিবেচনায় গুরুত্বপূর্ণ এলাকা, যাহা ধ্বংসাত্মক কর্মকাণ্ড হইতে রক্ষা করা বা সংরক্ষণ করা প্রয়োজন। |
| ১৫। | সাংস্কৃতিক-ঐতিহ্য অঞ্চল (Cultural-Heritage Zone) | CHZ | ঐতিহাসিক স্থান, স্মৃতিস্তম্ভ, পর্যটন ও প্রত্নতাত্ত্বিক অঞ্চল। |
| ১৬। | পাহাড় ও টিলা অঞ্চল (Hill Zone) | HZ | পাহাড়ি এলাকা, যেস্থানে সংবেদনশীল পরিবেশ রহিয়াছে। |
| ১৭। | পতিত ভূমি অঞ্চল (Fallow Land Zone) | FLZ | যে ভূমিতে কোনো ফসল ফলানো হয়নি বা হয়না। |
| ১৮। | অন্যান্য অঞ্চল (Others Zone) | OZ | উপরি-উক্ত জোনসমূহে অন্তর্ভুক্ত নয় এইরূপ ভূমি। |

## তফসিল-২

[ধারা ২(৮), ১৪(১) ও ১৫(৩)]

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | আমলযোগ্যতা | জামিনযোগ্যতা | আপোষযোগ্যতা | আরোপণীয় দন্ড |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | অনুমোদন ব্যতীত কোনো ভূমির জোন পরিবর্তন। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | অনধিক ৬ (ছয়) মাস বিনাশ্রম কারাদন্ড অথবা অনধিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ড। |
| ২। | অনুমোদন ব্যতীত কৃষিভূমি অকৃষি কাজে ব্যবহার। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | অনধিক ১ (এক) বৎসর বিনাশ্রম কারাদন্ড অথবা অনধিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ড। |
| ৩। | কৃষিভূমি, জলাধার বা জলাভূমিতে বাণিজ্যিক আবাসন, রিসোর্ট, শিল্পপ্রতিষ্ঠান, কারখানা বা অনুরূপ স্থাপনা বা অবকাঠামো নির্মাণ। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | অনধিক ২ (দুই) বৎসর বিনাশ্রম কারাদন্ড অথবা অনধিক ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ড। |
| ৪। | ইটভাটায় বা অন্য কোনো কাজে ব্যবহারের জন্য কৃষিভূমির উপরিভাগ (top soil), পাহাড় ও টিলা বা জলাধারের পাড়ের মাটি ক্রয়, বিক্রয়, অপসারণ, পরিবহণ বা ব্যবহার। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | অনধিক ২ (দুই) বৎসর বিনাশ্রম কারাদন্ড অথবা অনধিক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ড। |
| ৫। | বিশেষ কৃষি অঞ্চলের ভূমি ক্ষতিসাধন, ভূমিরূপ পরিবর্তন বা কৃষি ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | অনধিক ৩ (তিন) বৎসর বিনাশ্রম কারাদন্ড অথবা অনধিক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অর্থদন্ড অথবা উভয়দন্ড, এবং অতিরিক্ত হিসাবে ক্ষতিপূরণ ও সংশোধনমূলক ব্যবস্থার নির্দেশ। |
| ৬। | জলাধার, জলাভূমি, পাহাড় ও টিলা এবং বন ও বনভূমির ক্ষতিসাধন ও ভূমিরূপ পরিবর্তন। | অ-আমলযোগ্য | জামিনযোগ্য | অ-আপোষযোগ্য | প্রচলিত আইনের একই প্রকৃতির অপরাধের ক্ষেত্রে আরোপণীয় দন্ডের বিধান অনুসৃত হইবে, তবে অতিরিক্ত হিসাবে ক্ষতিপূরণ, ভূমির প্রকৃতি পুনঃস্থাপন, অবৈধভাবে ভরাটকৃত মাটি ও স্থাপনা অপসারণ এবং বৃক্ষরোপণসহ প্রয়োজনীয় ক্ষতিপূরণ ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করিবার জন্য নির্দেশ প্রদান করা যাইবে। |